মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

এবং

সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৮ - ৩০ জুন ২০১৯

# সূচিপত্র


জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র........................................................ ০৩

সেকশন ১: এনআইএলজি-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি.................... ০৪

সেকশন - ২: জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)................ ০৫

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ............................................. ০৬-১০

সংযোজনী-(১, ২,ও ৩): শব্দসংক্ষেপ, কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রনালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ ১১-১৪

# উপক্রমণিকা (Preamble)

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে,

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের দায়িত্বে নিয়োজিত মহাপরিচালক

এবং

সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

## জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the NILG)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি এবং নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদেরকে সেবা প্রদানের লক্ষ্যে দক্ষ করে গড়ে তোলা এনআইএলজি'র অন্যতম একটি দায়িত্ব। এনআইএলজি স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে অধিকতর দায়িত্বশীল করার প্রতি অধিক গুরুত্ব আরোপ করে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধিগনের দক্ষতা বৃদ্ধির জন্য বিগত তিন বছর (২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭) ৮৩৪টি প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করা হয়। উক্ত কোর্সসমূহে ৩৭,৩৫২ জন জনপ্রতিনিধি এবং কর্মকর্তা  কর্মচারী অংশগ্রহণ করেন। এছাড়াও উক্ত প্রতিষ্ঠানসমূহের ভবিষ্যৎ চ্যালেঞ্জ খুঁজে বের করার জন্য গবেষণা ও পরিকল্পনা বিভাগ কর্তৃক মানসম্মত গবেষণা করা হচ্ছে। ৪১ টি গবেষণা কাজ সম্পন্ন করা হয়েছে এবং ৬টি জার্নাল প্রকাশ করা হয়েছে। যার প্রাপ্ত সুপারিশসমূহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণে যথেষ্ট সহায়ক হবে। প্রতিষ্ঠানের প্রশাসন বিভাগ প্রশিক্ষণ,' গবেষণা এবং কর্মসূচি ও মূল্যায়ন বিভাগের সকল কার্যক্রমে সহায়তা করে থাকে।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

এনআইএলজিকে বিশ্বমানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য দক্ষ জনবল ও বাজেট বরাদ্দের অপ্রতুলতা।

### ভবিষ্যৎ পরিকল্পনা

এনআইএলজি'র প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করার লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন। স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর জনপ্রতিনিধি এবং কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রশাসনিক, আর্থিক ও তথ্য প্রযুক্তির ক্ষেত্রে আরো দক্ষ করে গড়ে তোলার জন্য প্রশিক্ষণ কার্যক্রম গুণগত পরিবর্তন আনা হচ্ছে। এ ছাড়া প্রয়োগিক গবেষণাসহ অন্যান্য বিভিন্ন বিষয়ে গবেষণার কাজ করা হচ্ছে।

### ২০১৮-২০১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ/লক্ষ্যমাত্রা

- ৫৫৩ টি প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন;
- ১৭,৩৯২ জন জনপ্রতিনিধি, কর্মকর্তা এবং কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান;
- ০৯ টি গবেষণা সমীক্ষা বাস্তবায়ন এবং ২ টি জার্ণাল প্রকাশ করা।

সেকশন-১

## এনআইএলজি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision):মানসম্মত প্রশিক্ষনের মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি।

১.২ অভিলক্ষ্য (Mission): স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ এনআইএলজি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. যুগোপযোগি প্রশিক্ষণের ব্যবস্থা করা;

২. বর্তমান প্রেক্ষাপটের আলোকে গবেষণা কার্যক্রম পরিচালনা করা;

৩. প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

(১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

(২) কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

(৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

(৪) জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

#### ১.৩.৩ কার্যাবলি (Functions):

- সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ এর জনপ্রতিনিধি, নিয়োগকৃত কর্মকর্তা- কর্মচারীগণকে স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা;
- স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন সমস্যা বিষয়ের উপর গবেষণা পরিচালনা করা;
- স্থানীয় সরকারের সহিত সম্পর্কিত বিভিন্ন সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা;
- স্থানীয় সরকার এবং এর সহিত সম্পৃক্ত বিভিন্ন বিষয় সম্পর্কে ডকুমেন্টেশনের সুবিধা প্রদান এবং জাতীয় ডকুমেন্টেশন কেন্দ্র গড়ে তোলা;
- স্থানীয় সরকার বিষয়ক গ্রন্থ, সাময়িকী, গবেষণা ও মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করা;
- গ্রন্থাগার ও পাঠকক্ষ স্থাপন ও পরিচালনা করা;
- স্থানীয় সরকার বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমের সমন্বয় সাধন করা;
- স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সার্টিফিকেট কোর্স প্রবর্তন করা ।

সেকশন - ২

## জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব | কর্মসম্পাদন সূচক | একক | ভিত্তি বছর | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | | |
| প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ | মানব সম্পদ উন্নয়ন | সংখ্যা (জন) | ১৩,১১৩ | ১৬,০০৯ | ১৭,৩৯২ | ১৮০০০ | ১৯০০০ | এনআইএলজি, স্থানীয় সরকার বিভাগ, JICA, UNICEF, UNDP | এনআইএলজি'র প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন কার্যক্রম পর্যালোচনা ও সমস্যা চিহ্নিত করে গবেষণার মাধ্যমে স্থানীয় সরকারের মান উন্নয়নের লক্ষ্যে সুপারিশ প্রদান। | স্থানীয় সরকার প্রতিষ্ঠান শক্তিশালীকরণ | সংখ্যা | ১৬ | ০৮ | ০৯ | ০৯ | ০৯ | এনআইএলজি | এনআইএলজি'র গবেষণা ও পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন |

সেকশন - ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের কৌশলগত উদ্দেশ্যসমূহ :

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | প্রকৃত অর্জন | | কলাম-৬ | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | লক্ষ্যমাত্রার মান: ২০১৮-১৯ (Target Value-2018-19) | | | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক Unit | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৯-২০২০ | প্রক্ষেপণ ২০২০-২০২১ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - | - |
| (১) যুগোপযোগি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা। | ৪০ | (১.১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সদস্য/সচিব/গ্রাম পুলিশগণের প্রশিক্ষণ | প্রশিক্ষিত জনবল | সংখ্যা | ১০ | ৫,৮১৫ | ১১,৭৭৮ | ১৪,৩৬০ | ১২,৯২৪ | ১১,৪৮৮ | ১০,০৫২ | ৮,৬১৬ | ১৮০০০ | ১৯০০০ |
| | | (১.২) ইউআরটি সদস্যদের জন্য টিওটি | প্রশিক্ষিত জনবল | সংখ্যা | ৫ | - | ১৩০০ | ৭৬০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৮০০ | ৯০০ |
| | | (১.৩) এনআইএলজি'র প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরি করা | ক্যালেন্ডার সম্পাদিত | তারিখ | ৫ | ১০মে, ২০১৭ | ১০মে, ২০১৮ | ১০মে, ২০১৯ | ১৫মে, ২০১৯ | ২০মে, ২০১৯ | ২৫মে, ২০১৯ | ৩০মে, ২০১৯ | ১০মে, ২০২০ | ১০মে, ২০২১ |
| | | (১.৪) সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণের প্রশিক্ষণ | প্রশিক্ষিত জনবল | সংখ্যা | ৫ | ৩৯৬ | ৫০০ | ১৮০ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২০ | ২০০ | ২০০ |
| | | (১.৫) পৌর পরিষদ কাউন্সিলরগণের প্রশিক্ষণ | প্রশিক্ষিত জনবল | সংখ্যা | ৫ | ১১৬৫ | ১৭০০ | ৭৬০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৮০০ | ৯০০ |
| | | (১.৬) ইউনিয়ন/পৌর পরিষদের প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা কোর্স | প্রশিক্ষিত জনবল | সংখ্যা | ৪ | - | - | ৫২৮ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৬০০ | ৬০০ |
| | | (১.৭) অভ্যন্তরীন দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ কোর্স | প্রশিক্ষিত জনবল | সংখ্যা | ৩ | ১৮০ | ৭২০ | ৭২০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৭২০ | ৭২০ |
| | | (১.৮) জাতীয় ও আন্তর্জাতিক প্রশিক্ষণ ট্যুর | প্রশিক্ষিত জনবল | সংখ্যা | ৩ | - | ৯৯ | ৮৪ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৯০ | ৯০ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (২) বর্তমান প্রেক্ষাপটের আলোকে গবেষণা কার্যক্রম পরিচালনা করা | ২০ | (২.১) গবেষণা কার্যক্রম বাস্তবায়ন | বাস্তবায়িত গবেষণা | সংখ্যা | ১০ | ১৬ | ০৮ | ০৯ | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ১০ | ১০ |
| | | (২.২) গবেষণা জার্নাল প্রকাশ করা | ১ম সংখ্যা প্রকাশিত | তারিখ | ৫ | - | ১০জুন | ১০জুন | ১৫জুন | ২০জুন | ২৫জুন | ৩০জুন | ১০জুন | ১০জুন |
| | | | ২য় সংখ্যা প্রকাশিত | তারিখ | ৫ | - | ১০ ডিসেম্বর | ১০ ডিসেম্বর | ১৫ ডিসেম্বর | ২০ ডিসেম্বর | ২৫ ডিসেম্বর | ৩০ ডিসেম্বর | ১০ ডিসেম্বর | ১০ ডিসেম্বর |
| (৩) প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা | ১৫ | (৩.১) বিওজি সভা সম্পন্ন করা | সভা সংগঠিত | সংখ্যা | ৫ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| | | (৩.২) মাসিক সমন্বয় সভা সম্পন্ন করা | সভা সংগঠিত | সংখ্যা | ৫ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | (৩.৩) এনআইএলজি'র বাজেট প্রেরণ করা | বাজেট প্রেরিত | তারিখ | ৩ | ১০ এপ্রিল, ২০১৭ | ১০ এপ্রিল, ২০১৮ | ১০ এপ্রিল, ২০১৯ | ২০ এপ্রিল, ২০১৯ | ২৫এপ্রিল, ২০১৯ | ৩০এপ্রিল, ২০১৯ | ০৫মে, ২০১৯ | ১০ এপ্রিল, ২০২০ | ১০ এপ্রিল, ২০২১ |
| | | (৩.৪) ত্রৈমাসিক রিপোর্ট প্রেরণ করা | রিপোর্ট প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | - | ৪ | ৪ |

## সেকশন - ৩
## এনআইএলজি'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-২০১৯ (Target Value-2018-2019) | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategy) Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| (১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | (১.১) মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | (১.২) ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মস্পাদান চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | (১.৩) মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (Feedback) সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে/বিভাগে দাখিল। | ফলাবর্তক (Feedback) প্রদত্ত | | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ জানুয়ারি, ২০১৯ | ০৮ জানুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | (১.৪) সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য কর্মকর্তা / কর্মচারিদের প্রশিক্ষণের আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| (২) কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | (২.১) ই- ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই- ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | | | | | |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | (২.২) দপ্তর/সংস্থা কতৃক অন লাইন সেবা চালু করা | নূন্যতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত। | তারিখ | ১ | ১০ জানু, ২০১৯ | ২৪ জানু, ২০১৯ | ২৮ জানু, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০এপ্রিল, ২০১৯ |
| | | (২.৩) কার্যালয়ে উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত। | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ডাটাবেইজ অনুযায়ি নূন্যতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত। | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | (২.৪) সিটিজেন চার্টার বাস্তবায়ন | সিটিজেন চার্টার অনুযায়ি প্রদত্ত সেবা প্রদান। | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসে, ২০১৮ | ১৫ জানু, ২০১৯ | ০৭ ফেব্রু, ২০১৯ | ১৭ফেব্রু, ২০১৯ | ২৮ফেব্রু, ২০১৯ |
| | | (২.৫) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | (২.৬) পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন পত্র জারি করা। | পিআরএল আদেশ জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়ন পত্র জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| (৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | (৩.১) অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষিয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | (৩.২) স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রু, ২০১৯ | ১১ ফেব্রু, ২০১৯ | ১৮ ফেব্রু, ২০১৯ | ২৫ফেব্রু, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রু, ২০১৯ | ১১ ফেব্রু, ২০১৯ | ১৮ ফেব্রু, ২০১৯ | ২৫ফেব্রু, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | (৩.৩) বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | (৩.৪) অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | (৩.৫) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | (৩.৬) শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ |
| (৪) জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | (৪.১) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | (৪.২) তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | (৪.৩) ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টো, ২০১৮ | ৩১ অক্টো, ২০১৮ | ১৫ নভে, ২০১৮ | ২৯ নভে, ২০১৮ | ০৬ ডিসে, ২০১৮ |

আমি জাতীয় স্থানীয় সরকার ইনস্টিউটের মহাপরিচালক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় এর প্রতিনিধি সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ এর নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় এর প্রতিনিধি হিসাবে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিউট এর মহাপরিচালক এর নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

১২/৬/২০১৮

........................................

মহাপরিচালক
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট
২৯, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

তারিখ ১২/৬/২০১৮

........................................

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখ

সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms) ঃ

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | জাইকা (JICA) | জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি |
| ২ | ইউএনডিপি (UNDP) | ইউনাইটেড ন্যাশন্‌স ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৩ | ইউনিসেফ (UNICEF) | ইউনাইটেড ন্যাশন্‌স ইন্টারন্যাশনাল চিলড্রেন ইমারজেন্সি ফান্ড |
| ৪ | এনআইএলজি (NILG) | ন্যাশনাল ইনস্টিটিউট অব লোকাল গভর্ণমেন্ট |

সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রনালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|
| (১.১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সদস্য/সচিব/গ্রাম পুলিশগণের প্রশিক্ষণ | (১.১.১) প্রশিক্ষিত জনবল | ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত সদস্য/ গ্রাম পুলিশগণের জন্য উপজেলা পর্যায়ে তিন দিনের প্রশিক্ষণ প্রদান এবং ইউপি সচিবগণের ১মাসের বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করা হবে। | এনআইএলজি | এনআইএলজি'র প্রশিক্ষণ ক্যালেন্ডার |
| (১.২) ইউআরটি সদস্যদের জন্য টিওটি | (১.২.১) প্রশিক্ষিত জনবল | উপজেলা রিসোর্স টিম গঠনের জন্য প্রতি উপজেলার ১২ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হবে। | এনআইএলজি | এনআইএলজি'র প্রশিক্ষণ ক্যালেন্ডার |
| (১.৩) এনআইএলজি'র প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরি করা | (১.৩.১) ক্যালেন্ডার সম্পাদিত | ২০১৯-২০ সালের প্রশিক্ষণ কর্মসূচি সূচারুরূপে বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরি করা হবে। | এনআইএলজি | এনআইএলজি'র প্রশিক্ষণ ক্যালেন্ডার |
| (১.৪) সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণের প্রশিক্ষণ | (১.৪.১) প্রশিক্ষিত জনবল | সিটি কর্পোরেশনের সদস/সচিব/ কর্মকর্তাগণের জন্য ৩দিনের 'সিটি কর্পোরেশন প্রশাসন অবহিত করণ' প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করা হবে। | এনআইএলজি | এনআইএলজি'র প্রশিক্ষণ ক্যালেন্ডার |
| (১.৫) পৌর পরিষদ কাউন্সিলরগণের প্রশিক্ষণ | (১.৫.১) প্রশিক্ষিত জনবল | পৌর পরিষদ মেয়র/সদস্য/সচিব/ কর্মকর্তাগণের জন্য ৩দিনের 'পৌরসভা প্রশাসন অবহিত করণ' প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করা হবে। | এনআইএলজি | এনআইএলজি'র প্রশিক্ষণ ক্যালেন্ডার |
| (১.৬) ইউনিয়ন/পৌর পরিষদের প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা কোর্স | (১.৬.১) প্রশিক্ষিত জনবল | ইউনিয়ন/পৌর পরিষদের 'প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা কোর্স' বাস্তবায়ন করা হবে। | এনআইএলজি | এনআইএলজি'র প্রশিক্ষণ ক্যালেন্ডার |
| (১.৭) অভ্যন্তরীন দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ কোর্স | (১.৭.১) প্রশিক্ষিত জনবল | উপজেলা পরিষদের সিএ টু চেয়ারম্যান ও অফিস সুপারেনটেন্ডগণের জন্য 'উপজেলা প্রশাসন ও অফিস ব্যবস্থাপনা' প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করা হবে। | এনআইএলজি | এনআইএলজি'র প্রশিক্ষণ ক্যালেন্ডার |
| (১.৮) জাতীয় ও আন্তর্জাতিক প্রশিক্ষণ ট্যুর | (১.৮.১) প্রশিক্ষিত জনবল | ইউনিয়ন পরিষদ সচিব এবং এনআইএলজির কর্মকর্তাগণের জন্য জাতীয় পর্যায়ে এবং আন্তর্জাতিক পর্যায়ে ২টি প্রশিক্ষণ ট্যুর করা হবে। | এনআইএলজি | এনআইএলজি'র প্রশিক্ষণ ক্যালেন্ডার |
| (২.১) গবেষণা কার্যক্রম বাস্তবায়ন | (৩.১.১) বাস্তবায়িত গবেষণা | স্থানীয় সরকার সক্রান্ত বিভিন্ন বিষয়ে ০৮টি গবেষণা কার্যক্রম সম্পন্ন করা হবে। | এনআইএলজি | এনআইএলজি'র বার্ষিক প্রতিবেদন |
| (২.২) গবেষণা জার্নাল প্রকাশ করা | (৩.২.১) ১ম সংখ্যা প্রকাশিত | স্থানীয় সরকার সক্রান্ত বিভিন্ন বিষয়ে গবেষণা ভিত্তিক প্রবন্ধ ষান্মাসিক জার্নালে প্রকাশ করা হবে। | এনআইএলজি | এনআইএলজি'র বার্ষিক প্রতিবেদন |
| | (৩.২.২) ২য় সংখ্যা প্রকাশিত | স্থানীয় সরকার সক্রান্ত বিভিন্ন বিষয়ে গবেষণা ভিত্তিক প্রবন্ধ ষান্মাসিক জার্নালে প্রকাশ করা হবে। | এনআইএলজি | এনআইএলজি'র বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|
| (৩.১) বিওজি সভা সম্পন্ন করা | (২.১.১) সভা সংগঠিত | মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে প্রতি ২ মাসে ১টি বিওজি সভা অনুষ্ঠিত হবে। | এনআইএলজি | এনআইএলজি'র বার্ষিক প্রতিবেদন |
| (৩.২) মাসিক সমন্বয় সভা সম্পন্ন করা | (২.২.১) সভা সংগঠিত | প্রতি মাসে কর্মকর্তাগণের সমন্বয়ে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। | এনআইএলজি | এনআইএলজি'র বার্ষিক প্রতিবেদন |
| (৩.৩) এনআইএলজি'র বাজেট প্রেরণ করা | (২.৩.১) বাজেট প্রেরিত | এনআইএলজির আর্থিক ব্যয় পরিচালনার জন্য প্রতি অর্থ বছরে বাজেট প্রেরণ করা হয়। | এনআইএলজি | এনআইএলজি'র বার্ষিক প্রতিবেদন |
| (৩.৪) ত্রৈমাসিক রিপোর্ট প্রেরণ করা | (২.৪.১) রিপোর্ট প্রেরিত | প্রতি তিন মাসে এনআইএলজি'র বিভিন্ন কাজের অগ্রগতি মন্ত্রনালয়কে জানানো হয়। | এনআইএলজি | এনআইএলজি'র বার্ষিক প্রতিবেদন |

**** সংযোজনী-৩ (প্রযোজ্য নয়)